গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
জাহাজ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

বিষয় : বাংলাদেশে ক্লাসিফিকেশন সোসাইটি গঠন, আন্তর্জাতিক ক্লাসিফিকেশন সোসাইটিতে তার নিবন্ধন এবং দেশে আমদানিকৃত ক্রুজ জাহাজের মাধ্যমে দেশীয় ও বৈদেশিক রুটে পর্যটক/যাত্রী পরিবহণ কার্যক্রম সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে আলোচনার জন্য নৌপরিবহন মন্ত্রণালয়ের সচিব এঁর সভাপতিত্বে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ মোস্তফা কামাল<br>সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়। |
| তারিখ | : | ১০-০৮-২০২২ খ্রি.। |
| সময় | : | দুপুর ১২.০০ মি. |
| স্থান | : | নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষ ও ভার্চুয়াল প্লাটফর্ম জুম অ্যাপ। |

সভায় উপস্থিত সংযুক্ত কর্মকর্তা/প্রতিনিধিবৃন্দের তালিকা পরিশিষ্ট ‘ক’ দ্রষ্টব্য।

সরাসরি এবং ভার্চুয়ালি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি জানান যে, বাংলাদেশে আন্তর্জাতিক মানের ক্লাসিফিকেশন সোসাইটি গঠন এবং সমুদ্রপথে আন্তর্জাতিক রুটে যাত্রী/পর্যটক/হজ্ব যাত্রী পরিবহনের উদ্যোগ গ্রহণের উদ্দেশ্যে এই আন্তঃমন্ত্রণালয় সভাটি আয়োজন করা হয়েছে। সভাপতির সম্মতিক্রমে যুগ্মসচিব (জাহাজ) জনাব এ.টি. এম মোনেমুল হক সভার কার্যপত্র উপস্থাপন করেন।

সভাপতি উল্লেখ করেন যে, ২০০৬ সালে ক্লাসিফিকেশন সোসাইটি সংশ্লিষ্ট কার্যক্রম পরিচালনার জন্য ০৩টি প্রতিষ্ঠানকে দায়িত্ব প্রদান করা হয়েছিল। কিন্তু উক্ত ০৩টি সংস্থা আশানুরূপ দায়িত্ব পালনে ব্যর্থ হওয়ায় ক্লাসিফিকেশন সোসাইটি বিষয়ে সর্বশেষ গত ১৫-০৫-২০১৯ খ্রি. তারিখে নৌপরিবহন মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের আলোকে গেজেট প্রকাশ করে ক্লাসিফিকেশন সোসাইটি ০৩টির কার্যক্রম বন্ধ করা হয়।

অতঃপর নৌপরিবহন অধিদপ্তরের প্রধান প্রকৌশলী জনাব মোঃ মঞ্জুরুল কবির মাল্টিমিডিয়া উপস্থাপনার মাধ্যমে ক্লাসিফিকেশন সোসাইটির কার্যক্রম, প্রয়োজনীয়তা, গঠন/প্রক্রিয়া ইত্যাদি বিষয়ে একটি ধারনা পত্র সভায় তুলে ধরেন। ক্লাসিফিকেশন সোসাইটির কার্যক্রম হিসেবে আন্তর্জাতিক জাহাজের নক্সা তৈরি, জাহাজ সার্ভে করা, নক্সা মোতাবেক জাহাজ নির্মিত হচ্ছে কি না, এছাড়াও জাহাজ ভাড়া ও বিক্রয়ের ক্ষেত্রে মানদন্ড নির্ণয় ইত্যাদি কার্যক্রম উপস্থাপনায় উল্লেখ করা হয়। নৌপরিবহন অধিদপ্তরের প্রধান প্রকৌশলী সভায় জানান যে, বর্তমানে বিশ্বে প্রায় ৫০টির মত ক্লাসিফিকেশন সোসাইটি রয়েছে। তার মধ্যে বাংলাদেশে বর্তমানে মোট ০৭টি সংস্থা সেবা দিয়ে থাকে। তিনি জানান যে, ক্লাসিফিকেশন সোসাইটির কার্যক্রম সম্পর্কে নিয়মিত আইএমও-তে তথ্যাদি প্রেরণ করতে হয়।

কর্ণফুলী শিপ বিল্ডার্স লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক প্রকৌ. আবদুর রশিদ সভায় জানান যে, জাহাজ তৈরি করতে গেলে ক্লাসিফিকেশন সোসাইটির অনুমোদন প্রয়োজন হয়। দেশে বর্তমানে বিদ্যমান ০৭টি প্রতিষ্ঠানের মধ্যে যেকোন একটি প্রতিষ্ঠানের অধীন কাজগুলো করা হয়ে থাকে। তিনি আরও উল্লেখ করেনে যে, দেশে বর্তমানে কোন ক্লাসিফিকেশন সোসাইটি নেই বিধায় উল্লেখিত সেবাগুলো গ্রহণে বিপুল পরিমাণ বৈদেশিক মুদ্রা ব্যয় হয়ে থাকে এবং সময় অপচয় ঘটে থাকে। তিনি সভায় আরও উল্লেখ করেন যে, ক্লাসিফিকেশন সোসাইটি গঠনে সরকারের সংশ্লিষ্টতা থাকলে প্রতিষ্ঠান সফল হতে পারবে।

পরবর্তীতে মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর জানান যে, ক্লাসিফিকেশন সোসাইটি গঠনে একটা পর্যায় পর্যন্ত সরকারের সংশ্লিষ্টতা থাকা প্রয়োজন। যাতে লক্ষ্য অর্জন সহজ হয়।

সভাপতি বলেন যে, ক্লাসিফিকেশন সোসাইটির জন্য দক্ষ ও অভিজ্ঞ জনবলের টিম প্রয়োজন যা পাওয়া সম্ভব।

(চলমান পাতা-২)

ক্লাসিফিকেশন সোসাইটির কার্যক্রম এলাকা হবে সমগ্র বাংলাদেশ ও বহিঃবিশ্ব। তিনি সভায় আরও উল্লেখ করেন যে, ক্লাসিফিকেশন সোসাইটি হিসাবে নৌপরিবহন অধিদপ্তরের নিয়ন্ত্রণে একটি স্বাধীন প্রতিষ্ঠান গঠন করা যেতে পারে। সরকার থেকে অনুমোদন স্বাপেক্ষে ক্লাসিফিকেশন সোসাইটি গঠন করা যায়। ক্লাসিফিকেশন সোসাইটি গঠনে প্রাথমিক পর্যায়ে সরকারের তত্ত্বাবধান না থাকলে এ প্রতিষ্ঠান ব্যর্থ হতে পারে যেমনটি ইতিপূর্বে হয়েছে। আগামী ০৬ মাসের মধ্যে বাংলাদেশে ক্লাসিফিকেশন সোসাইটি গঠনের প্রাথমিক পদক্ষেপ সম্পন্ন করার বিষয়ে সভা হতে মত প্রকাশ করা হয়।

সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

(১) আন্তর্জাতিক মানসম্পন্ন করে 'ক্লাসিফিকেশন সোসাইটি' গঠন করার উদ্যোগ গ্রহণ করা হবে। পতাকাবাহী জাহাজ সমূহ এবং সমুদ্রগামী বাণিজ্যিক জাহাজসমূহের জন্য ক্লাসিফিকেশন সোসাইটির সার্টিফেকেট/ছাড়পত্রের আবশ্যকতা রেখে বিধান প্রণয়ন করা হবে।

(২) প্রথম অবস্থায় সরকারের প্রাথমিক পৃষ্ঠপোষকতা, নিয়ন্ত্রণে ও তত্ত্বাবধানে ক্লাসিফিকেশন সোসাইটি গঠনের উদ্যোগ নেয়া হবে। সেই উদ্দেশ্যে একটি বিশেষজ্ঞ কমিটি গঠন করে তাকে দায়িত্ব প্রদান করা হবে। নৌপরিবহন অধিদপ্তর এই বিশেষজ্ঞ কমিটি গঠনের প্রাথমিক প্রস্তাব নৌপরিবহন মন্ত্রণালয়ে প্রেরণ করবে।

(৩) 'ক্লাসিফিকেশন সোসাইটি' গঠন এবং পরিচালনার জন্য একটি নীতিমালা প্রণয়ন করা হবে। নীতিমালায় ক্লাসিফিকেশন সোসাইটি গঠনের ক্ষেত্রে বেসরকারি অংশগ্রহণ নিশ্চিত করা হবে এবং নিবন্ধনের ব্যবস্থা রাখা হবে।

(৪) ক্লাসিফিকেশন সোসাইটি গঠনের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভিন্নমুখী জ্ঞান ও অভিজ্ঞতার সমন্বয় ঘটানো হবে। কোন একক প্রতিষ্ঠান/শিক্ষা প্রতিষ্ঠানের প্রতি নির্ভরতা রাখা যাবে না।

(৫) নীতিমালা এবং বিধিমালা প্রণয়ন সংক্রান্ত কার্যক্রম নৌপরিবহন অধিদপ্তর গ্রহণ করবে এবং আগামী ০৬ মাসের মধ্যে প্রাথমিক কার্যক্রম সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

(৬) ক্লাসিফিকেশন সোসাইটি গঠনে বেসরকারি প্রতিষ্ঠানকে উৎসাহ প্রদান করা হবে।

(৭) ক্লাসিফিকেশন সোসাইটি গঠনে প্রয়োজনে অন্যান্য দেশের সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অভিজ্ঞতার আলোকে সহযোগিতা গ্রহণ করা হবে।

(৮) দেশের সমুদ্র বন্দর কর্তৃপক্ষসমূহের উদ্যোগে এবং মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে ক্লাসিফিকেশন সোসাইটি গঠনের রূপরেখা নিয়ে একটি সেমিনার আয়োজন করা হবে।

(৯) সমুদ্র পথে যাত্রী/হজ্ব যাত্রী পরিবহনের বিষয়ে বিভিন্ন দিক যেমন-যাত্রীদের অবস্থান, ইমিগ্রেশন, সুবিধা ও ঝুঁকি ইত্যাদি সকল বিষয়ে সম্ভাব্যতা যাচাই ও পর্যালোচনা করে আগামী ০১ মাসের মধ্যে একটি পূর্ণাঙ্গ প্রস্তাব দেয়ার জন্য কর্ণফুলী শিপ বিল্ডার্স লি. কে অনুরোধ জানানো হবে এবং প্রস্তাবনা প্রাপ্তির পর স্টেকহোল্ডারদের সাথে একটি সভা আয়োজন করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তারিখ: ২২-০৮-২০২২।
(মোঃ মোস্তফা কামাল)
সচিব
নৌপরিবহন মন্ত্রণালয়।

(চলমান পাতা-৩)

নং-১৮.০০.০০০০.০২৪.২৬.০০১.২০২২- ৯০৫

তারিখ: ২৩-০৮-২০২২।

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। চেয়ারম্যান (সিনিয়র সচিব), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
২। সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৩। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
৬। সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন, ঢাকা।
৭। সচিব, বেসামরিক বিমান ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। সচিব, ধর্ম মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। প্রধান নির্বাহী কর্মকর্তা (সচিব), পাবলিক প্রাইভেট পার্টনারশীপ কর্তৃপক্ষ, প্রধানমন্ত্রীর কার্যালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
১২। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
১৩। চেয়ারম্যান, মোংলা বন্দর কর্তৃপক্ষ, মোংলা, বাগেরহাট।
১৪। চেয়ারম্যান, পায়রা বন্দর কর্তৃপক্ষ, কলাপাড়া, পটুয়াখালী।
১৫। চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্পোরেশন, ঢাকা।
১৬। প্রধান নিয়ন্ত্রক, আমদানী ও রপ্তানীর প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ টাওয়ার, লেভেল-১৫, ৬২/৩ পুরানা পল্টন, ঢাকা-১০০০।
১৭। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
১৮। চেয়ারম্যান, বিআইডব্লিটিএ, মতিঝিল, ঢাকা।
১৯। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
২০। প্রিন্সিপাল অফিসার, নৌবাণিজ্য দপ্তর, আগ্রবাদ, চট্টগ্রাম।
২১। ব্যবস্থাপনা পরিচালক, কর্ণফুলী শিপ বিল্ডার্স লিমিটেড, ফ্ল্যাট -৩/সি, হাউজ-৬, রোড-২, বনানী, ঢাকা-১২১৩।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৪। অতিরিক্ত সচিব (সংস্থা-১/২) এবং যুগ্মসচিব (জাহাজ) এর ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।

২৩/০৮/২২

(মোঃ আলমগীর কবির)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ২২৩৩৮০৭৮৬।